

## বাজেটের ন্যূনতম ১৪% শিক্ষা খাতে বরাদ্দের দাবি

■ সমকাল প্রতিবেদক

শিক্ষার মাধ্যমে মানব সক্ষমতা বাড়াতে প্রস্তাবিত বাজেটে শিক্ষা খাতের বরাদ্দ ন্যূনতম ১৪ শতাংশ করার দাবি জানিয়েছেন শিক্ষাবিদরা। গতকাল রোববার জাতীয় প্রেস ক্লাবের ভিআইপি লাউঞ্জে '২০১৫-১৬ বাজেটে শিক্ষা খাতে বরাদ্দ: প্রত্যাশা ও শিক্ষার কাল্পনিক উন্নয়ন' শীর্ষক মতবিনিময় সভায় তারা এ মত দেন।

ইনিশিয়েটিভ ফর হিউম্যান ডেভেলপমেন্ট (আইএইচডি) ও জাতীয় শিক্ষক-কর্মচারী ফ্রন্ট এ সভার আয়োজন করে। এতে বক্তব্য রাখেন জাতীয় শিক্ষানীতি ২০১০ প্রণয়ন কমিটির কো-চেয়ারম্যান অধ্যাপক ড. কাজী খলীকুজ্জমান আহমদ, গণস্বাক্ষর অভিযানের নির্বাহী পরিচালক রাশেদা কে চৌধুরী, আইএইচডির চেয়ারম্যান অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ, বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি মোহাম্মদ আজিজুল ইসলাম, কলেজ শিক্ষক

সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক আসাদুল হক, আইএইচডির ডাইরেক্টর চেয়ারম্যান অধ্যাপক নজরুল ইসলাম প্রমুখ। অধ্যাপক ড. কাজী খলীকুজ্জমান আহমদ বলেন, শিক্ষায় বাজেট কমিয়ে অন্য খাতে বরাদ্দ বেশি করে লাভ নেই। গত বছর শিক্ষা খাতে ১১ দশমিক ২ ভাগ বরাদ্দ থাকলেও এবার বরাদ্দ দেওয়া হয়েছে ১০ দশমিক ৭ ভাগ। এবার কমপক্ষে ১১ দশমিক ২ ভাগ বরাদ্দ দেওয়া উচিত। এ ছাড়া ক্রমাগত এর পরিমাণ ১৪ শতাংশ করা উচিত।

রাশেদা কে চৌধুরী বলেন, শিক্ষার মাধ্যমে মানব সক্ষমতা বাড়ানোটাই সবচেয়ে বড় প্রতিরক্ষা। গুরুত্বপূর্ণ শিক্ষা, স্বাস্থ্য, কৃষি খাত উপেক্ষা করে প্রতিরক্ষা খাতে বরাদ্দ বাড়ানো হচ্ছে। গবেষণা খাতকেও গুরুত্ব দেওয়া হচ্ছে না। শিক্ষানীতি বাস্তবায়নে রাজনৈতিক সদিচ্ছার প্রতিফলন না থাকাটাও দুঃখজনক।